

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট



জেডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট
আনসারি ভবন (৫তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০

নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯.৪২৫

তারিখঃ ১২/০৭/২০২৩ খ্রি:

বিষয় : আগামী ২৩-২৭ জুলাই, ২০২৩ খ্রি: মেয়াদে অনুষ্ঠেয় **“Gender Responsive Budgeting”** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির
জন্য প্রার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও উভয়ের অধীন দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তাদের জন্য ০৫ (পাঁচ) কর্মদিবসব্যাপী **“Gender Responsive Budgeting”** শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে যাচ্ছে। স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে আগামী ২৩-২৭ জুলাই, ২০২৩ খ্রি: মেয়াদে অনুষ্ঠেয় এ কোর্সটি বিএমএ ভবনের শহীদ ডা. শামছুল আলম খান মিলনায়তন [১৫/২, তোপখানা রোড, লেভেল-৪র্থ], ঢাকায় সকাল ৯ টা থেকে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে তাঁর OP-এর জন্য নির্ধারণকৃত জেডার ফোকালপয়েন্ট/উপযুক্ত প্রতিনিধিকে মনোনয়ন প্রদানপূর্বক যথাসময়ে প্রশিক্ষণে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল। মনোনীত কর্মকর্তার ই-মেইল ও মোবাইল নম্বরসহ তালিকা পূর্বাগ্রে জিএনএসপি ইউনিটে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

০৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদেরকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

ফোন : ৯৫৫৮২৭৮

ই-মেইল: msrk_6415@yahoo.com

লাইন ডাইরেক্টর (এইচএসএম),

স্বাস্থ্য অধিদপ্তর,

মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৩। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়